

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার নং-০২

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২২  
০৩ আগস্ট ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক /প্রধান নির্বাহী  
বাংলাদেশে কর্মরত সকল তফসিলি ব্যাংক

আঙ্গরপোতা ও দহগামসহ বাংলাদেশের মূল ভূখণ্ডে একীভূত ১১১টি ছিটমহলের অধিবাসীদের জন্য আর্থিক  
অন্তর্ভুক্তি কর্মসূচীর আওতায় ন্যূনতম ১০ টাকা জমা গ্রহণপূর্বক ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

আঙ্গরপোতা ও দহগামসহ বাংলাদেশের মূল ভূখণ্ডে একীভূত ১১১টি পূর্বতন ছিটমহলের অধিবাসীদের  
জীবনমানের উন্নয়নের লক্ষ্যে তাদের আর্থিক সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য ন্যূনতম ১০ টাকা জমা গ্রহণপূর্বক ব্যাংক  
হিসাব খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উল্লিখিত অঞ্চলের নিকটবর্তী ব্যাংক শাখার মাধ্যমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা  
গ্রহণ করতে হবে।

এতদ্সংক্রান্ত প্রতিবেদন [জিবিসিএসআরডি সার্কুলার নং-০৩](#), তারিখ: ০৯ এপ্রিল ২০১৫ এর নির্দেশনা মোতাবেক  
“পূর্বতন ছিটমহলবাসীর হিসাব” নামে নির্ধারিত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে দাখিল করতে হবে।

এ সকল হিসাব খোলা ও পরিচালনার জন্য কোনরূপ সার্ভিস চার্জ বা ফি গ্রহণ করা যাবে না।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস্ত,

(নূরুন নাহার)  
মহাব্যবস্থাপক  
ফোন-৯৫৩০৩৪৩  
ই-মেইল: [nurun.nahar@bb.org.bd](mailto:nurun.nahar@bb.org.bd)